

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.০৫৩.১৩./২৩০০

তারিখ : ০৪/১০/২০১৬ খ্রিঃ


বিষয় : উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ না করে অতিরিক্ত টেকনিক্যাল ইনক্রিমেন্ট ও উচ্চ শিক্ষা গ্রহণ এবং কোচিং বাণিজ্য প্রসঙ্গে।

সূত্র : পাবনা পলিটেকনিক ইন্সটিটিউটের স্মারক নং-পাপই/প্রশা:/তদন্ত/২০১৬/৫১০/১ তারিখ: ১৮/০৭/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পাবনা টেকনিক্যাল স্কুল ও কলেজের কর্মরত কতিপয় শিক্ষকদের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ পাওয়া গেছে।

- ২। চীফ ইন্সট্রাক্টর (ড্রাফটিং সিভিল) জনাব মোঃ জাকির হোসেন এবং চীফ ইন্সট্রাক্টর (অটোমোবাইল) জনাব মোঃ নজরুল ইসলাম জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১২(১)(ক) অনুসরণ না করে অনিয়মতান্ত্রিকভাবে টেকনিক্যাল ইনক্রিমেন্ট গ্রহণ করেছেন। যাহা সরকারি বিধি লংঘন করার সামিল। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পাবনা কর্তৃক জানা যায়, তারা টেকনিক্যাল ইনক্রিমেন্ট অনিয়মতান্ত্রিকভাবে গ্রহণ করেছেন। যা আদায়যোগ্য।
- ৩। চীফ ইন্সট্রাক্টর (কার্পেট্রি) জনাব মোঃ সাহাদত হোসেন উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে উচ্চ শিক্ষা গ্রহণ করেছেন। যা সরকারি বিধি-বিধান বহিঃভূত এবং শাস্তিযোগ্য অপরাধ।
- ৪। তিনি নিজে (জনাব মোঃ হাফিজুর রহমান) জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১২(১)(ক) অনুসরণ না করে অতিরিক্ত বার্ষিক বর্ধিত বেতন গ্রহণ করেছেন।
- ৫। কিছু শিক্ষক ক্লাশ ফাঁকি দিয়ে অবৈধভাবে প্রাইভেট পড়ানো ও কোচিং বাণিজ্য নিয়ে ব্যস্ত থাকেন, যা সরকারি আদেশ অমান্য করার সামিল। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধে ২০১২ সালের শিক্ষা মন্ত্রণালয়ের সুদৃষ্ট নীতিমালা রয়েছে। প্রতিষ্ঠানের নিম্নবর্ণিত শিক্ষকগণ অবৈধভাবে প্রাইভেট পড়ান এ মর্মে তথ্য পাওয়া গেছে :
 ১. জনাব শাহানারা খোন্দকার, ইন্সট্রাক্টর (ইংরেজী)।
 ২. জনাব মোঃ রবিউল ইসলাম, ইন্সট্রাক্টর (গণিত)।
 ৩. জনাব মোঃ আলী আকবর মিয়া, ইন্সট্রাক্টর (বাংলা)।
 ৪. জনাব জান্নাতুল ফেরদৌস, ইন্সট্রাক্টর (পদার্থ)।
 ৫. জনাব শ্যাম দুলাল ভৌমিক, গণিত/বিজ্ঞান শিক্ষক।
 ৬. জনাব ফারহানা খালেদা, ইন্সট্রাক্টর (ইংরেজী)।
 ৭. জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকারী ট্রাফট ইন্সট্রাক্টর।
- ৬। এমতাবস্থায়, ক্রমিক নং-২ ও ৪ এর বর্ণিত অতিরিক্ত বার্ষিক বর্ধিত বেতন গ্রহণ জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১২(১) এর (ক) অনুযায়ী বিধি সম্মত হয়েছে কিনা, না হলে প্রতিষ্ঠান প্রধান/আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে তিনি কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন, ক্রমিক নং-৩ এ বর্ণিত বিষয়ে কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন এবং ক্রমিক নং-৫ এ বর্ণিত বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা ২০১২ সালের নীতিমালা অনুযায়ী কি ব্যবস্থা গ্রহণ করেছেন তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

প্রাপক : জনাব মোঃ হাফিজুর রহমান
অধ্যক্ষ
পাবনা টেকনিক্যাল স্কুল ও কলেজ
পাবনা।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পাবনা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।